দৈনিক ইত্তেফাক

তারিখ ... 16 SEP 1988 ...
পৃষ্ঠা ১২ কলাম ... ৫ ...

# কর্মজীবী ও দুঃস্থ শিশুদের জন্য বিশেষ শিক্ষা কার্যক্রম

চট্টগ্রাম অফিস ॥ চট্টগ্রাম শহরের কর্মজীবী ও দুঃস্থ শিশুদের মাঝে মৌলিক শিক্ষা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ সরকারের উপানুষ্ঠানিক শিক্ষা অধিদপ্তর ও ইউনিসেফের সহযোগিতায় বেসরকারী স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানে উদ্যোগে নগরীর ২৭ ও ২৮ নম্বর ওয়ার্ডে ৩০টি উপানুষ্ঠানিক শিক্ষা কেন্দ্র গত ১লা সেপ্টেম্বর হইতে চালু করা হইয়াছে। শিক্ষার্থীদের সুবিধাজনক সময়ে প্রতিদিন ৩ ঘন্টার জন্য পাঠদান করা হইবে। উদ্বোধনী অনুষ্ঠানে সংস্থার শিক্ষা বিষয়ক কর্মসূচী ব্যবস্থাপক জেবর মুলুক, সুপারভাইজার আনোয়ার হোসেন, ঝুলন বড়ুয়া প্রমুখ উপস্থিত ছিলেন।